

প্রাথমিকের স্থগিত অনুষ্ঠান বৃহস্পতিবার, স্কুল প্রতি বরাদ্দ ২৫০০ টাকা

বাসস



## প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়

সারা দেশে সব প্রাথমিক বিদ্যালয়ের ২৪ জুলাইয়ের স্থগিত হওয়া

অনুষ্ঠান আগামী বৃহস্পতিবার (৩১ জুলাই) অনুষ্ঠিত হবে বলে

জানিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। এ অনুষ্ঠান পালনের

জন্য দেশের প্রতিটি প্রাইমারি স্কুল ২৫০০ টাকা করে বরাদ্দ

দিয়েছে সরকার।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রশাসন-২ এর অধিশাখার

উপসচিব মোহাম্মদ সাখাওয়াত হোসেন সরকার সহী করা এক

পত্রে ২৩ জুলাই বুধবার এ তথ্য জানানো হয়।

এতে বলা হয়, সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে,

রাজধানীর উত্তরায় মাইলস্টোন স্কুল এন্ড কলেজে বিমান বাহিনীর

প্রশিক্ষণ বিমান বিধ্বস্ত হয়ে ব্যাপক প্রাণহানি ঘটনার পরিপ্রেক্ষিতে

‘জুলাই পুনর্জাগরণ অনুষ্ঠানমালা ২০২৫’-এর আগামী ২২ থেকে

২৪ জুলাই তিনি দিনব্যাপী অনুষ্ঠান হওয়ার কথা ছিল যা স্থগিত

করা হয়েছিল।

উক্ত অনুষ্ঠান আগামী ৩১ জুলাই বৃহস্পতিবার অনুষ্ঠিত হবে।

এর আগে গত ২২ জুলাই মঙ্গলবার রাজধানীর উত্তরায়

মাইলস্টোন স্কুল এন্ড কলেজে বিমান বাহিনীর প্রশিক্ষণ বিমান

বিধবস্ত হয়ে ব্যাপক প্রাণহানি ঘটনার পরিপ্রেক্ষিতে ‘জুলাই

পুনর্জাগরণ অনুষ্ঠানমালা ২০২৫’-এর আগামী ২৪ জুলাই সকল

অনুষ্ঠান পরবর্তী নির্দেশ না দেওয়া পর্যন্ত স্থগিত করে প্রাথমিক

শিক্ষা অধিদপ্তর। ২৪ জুলাই সারা দেশের সকল প্রাইমারি স্কুলে

একযোগে এ অনুষ্ঠান হওয়ার কথা ছিল।